দর্শনায় বাংলাদেশ জুয়েলার্স এসোসিয়েশনের প্রতিষ্টাবার্ষিকী পালিত

সারা দেশের ন্যায় দর্শনা বাংলাদেশ জুয়েলার্স এসোসিয়েশন (বাজুস) দর্শনা থানা শাখার আয়োজনে বর্ণাট্য শোভাযাত্রা ও কেক কাটার মধ্যদিয়ে ৫৮ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত হয়েছে।

আজ সোমবার বিকাল সাড়ে ৪ টার দিকে দর্শনা জুয়েলার্স থানা শাখার আয়োজনে দর্শনা রেলবাজার বটতলা স্বর্ণপট্টি হতে এ বর্ণাট্য শোভাযাত্রা বের হয়।

দর্শনার প্রধান, প্রধান সড়ক বর্ণাট্য শোভাযাত্রা প্রদক্ষিণ শেষে পূনরায় রেলবাজার স্বর্ণ পট্টিতে এসে মিলিত হয়ে সেখানে কেক কাটে ৫৮ বছর পূর্তি প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন করা হয়।

এ প্রতিষ্ঠাবার্ষিকীর কেক কাটা শেষে দর্শনা থানা শাখার জুয়েলারির সভাপতি আসলাম আলীর সভাপতিত্বে আলোচনা করেন, সংগঠনের সহ-সভাপতি সৈনেল সান্তরা, সাধারন সম্পাদক অবনী সান্তারা মানা, সহ-সাধারন সম্পাদক শরিফুজ্জামান (এন্টনি), কোষাধক্ষ্য পরিমল কর্মকার, সাংগঠনিক সম্পাদক মুকুল হোসেন, প্রচার সম্পাদক মুকুল অধিকারী, দপ্তর সম্পাদক বলাই কর্মকার, সদস্য সমরেশ, অমলপাল, মুক্তার হোসেন সাফু, বিজয় কর্মকার, প্রমুখ।

দর্শনায় ওলামা পরিষদের বিক্ষোভ মিছিল ও সমাবেশ

সুইডেনে রাষ্ট্রীয় পৃষ্টপোষকতায় মহাগ্রন্থ আল-কুরআন পোড়ানোর প্রতিবাদে বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার বাদ আছর দর্শনা রেলবাজার বটতলা চত্বরে ওলামা পরিষদ

দর্শনা থানার আয়োজনে বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়।

বিক্ষোভ মিছিলটি দর্শনার প্রধান, প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে দর্শনা রেলবাজার বটতলা চত্বরে উপস্থিত হয়ে প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়। উলামা পরিষদ দর্শনা থানা শাখার সভাপতি মাওলানা আব্দুল খালেক এর সভাপতিত্বে প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়।

এ প্রতিবাদ সভায় উলামা পরিষদ দর্শনা থানা শাখার সহ-সম্পাদক দর্শনা ঈশ্বরচন্দ্রপুর জামে মসজিদের পেশ ঈমাম মোস্তাফিজুর রহমান ও প্রচার সম্পাদক মাও. মুফতি ওমর ফারুকের সঞ্চলনায় বক্তব্য রাখেন, ওলামা পরিষদ দর্শনা শাখার সাধারন সম্পাদক মাও. মুফতি জুনায়েদ আল আজাদ, সাংগঠনিক সম্পাদক মৌওলানা মুফতি ওমর ফারুক, দর্শনা পৌর শাখার সম্পাদক মাও. মুফতি ইউনুচ আলী, দর্শনা হল্ট স্টেশন জামে মসজিদের পেশ ঈমাম হাবিবুর রহমান, বেগমপুর ইউনিয়ন সহ-সভাপতি আব্দুল হাই, প্রমুখ।

দর্শনায় ফারিয়ার অফিস উদ্বোধন ও উপদেষ্টা কমিটি গঠন

দর্শনায় ফার্মাসিটিক্যালস রিপ্রেজেন্টেটিভ এসোসিয়েশন (ফারিয়া) দর্শনা থানা শাখার অফিস উদ্বোন করা হয়েছে।

গতকাল রবিবার রাত সাড়ে ৮ টার দিকে দর্শনা পুরাতন বাজারে অবস্থিত শওকত আলী মার্কেটে এ অফিস উদ্বোধন করা হয়।

অফিস উদ্বোধন শেষে সংগঠনের দর্শনা শাখার সভাপতি নেছার আহম্মেদ শাহীনের সভাপতিত্বে এক আলোচনা সভা অনুষ্টিত হয়।

এ অফিস উদ্বোধন ও আলোচনা সভায় সংগঠনের সাধারন সম্পাদক ফাউজুল আজিম (সানজা) এর উপস্থাপনায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে আলোচনা করেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান ও দর্শনা পৌর আওয়ামী লীগের সাধারন সম্পাদক আলি মুনছুর বাবু।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত থেকে আলোচনা করেন দর্শনা পৌর মেয়র আতিয়ার রহমান হাবু ও দর্শনা থানার অফিসার ইনচার্জ ফেরদৌস ওয়াহিদ।

এ অফিস উদ্বোধন ও আলোচনায় আরও উপস্থিত ছিলেন সংগঠনের সহ-সভাপতি মাহবুবুর রহমান, সহ-সাধারন সম্পাদক রয়েল, সাংগঠনিক সম্পাদক মতিয়ার রহমান ও প্রচার সম্পাদক মামুন সহ সংগঠনের নের্তৃবৃন্দ এবং সদস্যগণেরা।

এ অফিস উদ্বোধন ও আলোচনা শেষে এক বৈঠকে দর্শনা পৌর মেয়র আতিয়ার রহমান হাবুকে প্রধান উপদেষ্টা ও দর্শনা থানার অফিসার ইনচার্জ (ওসি) ফেরদৌস ওয়াহিদ এবং এ্যাড. আত্তাব উদ্দিনকে উপদেষ্টা করে ৩ সদস্য বিশিষ্ট একটি উপদেষ্টা কমিটি গঠন করা হয়।

দর্শনা কেরুজের এক শ্রমিক হাতে নাতে মদসহ আটক; মুচলেকায় মুক্তি

চুয়াডাঙ্গার দর্শনায় কেরু এন্ড কোম্পানির মদ তৈরির কারখানা থেকে মদ চুরি করে নিয়ে যাওয়ার সময় নিরাপত্তা কর্মীদের কাছে হাতে,নাতে ধরা পড়েছে রকি নামের কেরুর এক শ্রমিক।

গতকাল রবিবার সকালে কেরু এন্ড কোম্পানির মদ তৈরীর কারখানা ডিষ্টিলারী বিভাগের গেটে এঘটনা ঘটে। মদসহ হাতে,নাতে ধরা পড়া রকি কেরুজ পরিবহন বিভাগের চুক্তিভিত্তিক শ্রমিক।

এদিকে নিরাপত্তাকর্মীকে হুমকি দেওয়ার অভিযোগ উঠেছে মদ চোর রকির বিরুদ্ধে। এ ঘটনায় ডিষ্টিলারী বিভাগের মহা-ব্যবস্থাপক একটি লিখিত পত্র (নোট) দিয়েছে ব্যবস্থাপনা পরিচালকের নিকট। ঘটনাটি নিয়ে কেরুজ ক্যাম্পাস জুড়ে বইছে নানামূখি আলোচনা-সমালোচনা।

জানা যায়, গতকাল সকাল ১০ টার দিকে কেরুজ চিনিকলের ডিষ্টিলারী বিভাগ (কারখানা) থেকে ৩৭৫ মিঃগ্রাম ওজনের ৪ বোতল মদ চুরি করে

[redacted]

[redacted]

বিজিবি সদস্য রক্তাক্ত জখম আটক-১

দর্শনার নাস্তিপুর সীমান্তে শরিফুল ইসলাম নামের এক স্বর্ণ চোরাচালানীকে স্বর্ণ সহ আটক করে বিজিবি। স্বর্ণ সহ আসামি আটকের ঘটনায় চোরাচালানীরা সঙ্গবদ্ধ হয়ে দেশীয় ধারালো অস্ত্রসস্ত্রে সজ্জিত হয়ে বিজিবির উপর হামলা চালায় চোরাচালানীরা।

এ হামলায় চোরাচালানী মালামাল স্বর্ণ সহ আসামি ছিনিয়ে নেওয়া সহ চোরাকারবারীদের হামলায় ধারালো অস্ত্রের আঘাতে রক্তাক্ত জখম হয়ে আহত হয় বিজিবির নায়েক আব্দুল হাকিম ও সিপাহী মেহেদী হাসান নামের এক বিজিবি সদস্য। আহত বিজিবি সদস্যদেরকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে।গত শুক্রবার (১৪ জুলাই) দুপুর ২ টার দিকে চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার দর্শনা থানাধীন পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের নাস্তিপুর গ্রামের কবরস্থানের নিকট এ ঘটনা ঘটে।

আহত বিজিবির নায়েক আব্দুল হাকিম ও সিপাহী মেহেদী হাসান চুয়াডাঙ্গা-৬ বিজিবি ব্যাটালিয়নের অধীনস্থ সুলতানপুর সীমান্ত বিওপি ক্যাম্পে কর্মরত রয়েছে। পরে অভিযান চালিয়ে হামলার প্রধান আসামি নবীউল ইসলাম ওরফে নবীনকে (৩৬) আটক করে বিজিবি। আটক নবীন ও চোরাকারবারী শরিফুল উপজেলার পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের নাস্তিপুর গ্রামের স্কুলপাড়ার আব্দুল করিম ওরফে করিম মৌলবীর ছেলে। এ ঘটনায় শুক্রবার রাতে হামলাকারী নবীনকে দর্শনা থানায় সোপর্দ করে ৭ জনের নাম উল্লেখ সহ অজ্ঞাত আরও ৫/৬ জনকে আসামি করে মামলা দায়ের করেছে বিজিবি। পরে দর্শনা থানা পুলিশ মামলার আসামি নবীনকে
চুয়াডাঙ্গা আদালতে প্রেরণ করেছে।

এলাকাবাসি ও পুলিশ সূত্রে জানাগেছে,গত শুক্রবার বিকাল ২ টার দিকে চুয়াডাঙ্গা-৬ বিজিবি ব্যাটেলিয়ানের অধিনস্থ সুলতানপুর সীমান্ত বিওপি ক্যাম্পের বিজিবি গোপন সংবাদের ভিত্তিতে জানতে পারে সীমান্ত দিয়ে স্বর্ণের একটি বড় চালান ভারতে পাচার হবে। এমন

খবরের ভিত্তিতে সুলতানপুর সীমান্ত বিজিবি ক্যাম্পের কমান্ডার নায়েক সুবেদার দুলাল হকের নেতৃত্বে নায়েক আব্দুল হাকিম ও সিপাহী

দর্শনা পৌরসভার ২০২৩-২৪ অর্থ বছরের উন্মক্ত বাজেট ঘোষণা

দর্শনা পৌরসভার ২০২৩-২৪ অর্থ বছরের উন্মক্ত বাজেট ঘোষণা অনুষ্ঠিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার বেলা সাড়ে ১১ টার দিকে দর্শনা পৌরসভার আয়োজনে পৌরসভার সম্মেলন কক্ষে এক বাজেট সভা অনুষ্ঠিত হয়।

২০২৩-২৪ অর্থ বছরে রাজস্ব ও বার্ষিক উন্নয়ন তহবিল হতে দর্শনা পৌরসভার (প্রস্তাবিত) বাজেট ঘোষনা করা হয়েছে মোট ২৬ কোটি ১ লক্ষ ৩ হাজার ৯১০ টাকা ৪৯ পয়সা ও ব্যায় ধরা হয়েছে ২৫ কোটি ৯৬ লক্ষ ১৫ হাজার ৮৪৪ টাকা।

এ উন্মক্ত বাজেট ঘোষণা অনুষ্ঠানে দর্শনা পৌর মেয়র আতিয়ার রহমান হাবু’র সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে আলোচনা করেন, চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান ও দামুড়হুদা উপজেলা আ.লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা মাহফুজুর রহমান মনজু।

দর্শনা পৌরসভার ইঞ্জিনিয়ার সাজেদুল ইসলামের সঞ্চলনায় বিশেষ অতিথি হিসাবে উপস্থিত থেকে আলোচনা করেন, দর্শনা সরকারী কলেজের উপাধ্যক্ষ ডা. মফিজুর রহমান, দর্শনা সরকারী কলেজের সাবেক উপাধ্যক্ষ মোশারফ হোসেন, হাজী জাহিদুল ইসলাম, সমাজ সেবক হাজী আকমত আলী।

দর্শনা রেলবাজার ব্যবসায়ী কমিটির সভাপতি টিপু সুলতান, এরশাদ আলী মাষ্টার, দর্শনা সোনালী ব্যাংক শাখার ম্যানেজার আব্দুল লতিফ। এ সভায় আরো উপস্থিত ছিলেন, দর্শনা নাগরিক কমিটির সদস্য সচিব ও দর্শনা পৌর আ.লীগের যুগ্ন সম্পাদক গোলাম ফারুক আরিফ, দর্শনা পৌর আ.লীগের সাবেক সভাপতি বীর মুক্তিযোদ্ধা শহিদুল ইসলাম, দর্শনা সিডিএলের পরিচালক আবু সুফিয়ান, আশরাফুল ইসলাম, দর্শনা রিকসা ও ভ্যান শ্রমিক ইউনিয়নের সভাপতি হবা জোয়ার্দার, সমাজ সেবক হাজী আব্দুল মমিন।

এছাড়াও উপস্থিত ছিলেন দর্শনা পৌরসভার কাউন্সিলর কর্মচারী সহ রাজনৈতিক, সমাজিক ও গণ্যমান্য ব্যাক্তিবর্গ।

[redacted]

[redacted]

বাবু, দর্শনা পৌর মেয়র আতিয়ার রহমান হাবু, চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সভাপতি সরদার আলামিন, দর্শনা পৌর আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা মোঃ রুস্তম আলী, নাগরীক কমিটির সদস্য সচিব গোলাম ফারুক আরিফ, জিসিআই ঢাকা অ্যাস্ট্রালের সভাপতি ও খন্দকার গ্রুপ অফ কোম্পানিজের পরিচালক খন্দকার নাইমুল হাসান, জিসিআই ঢাকা অ্যাস্ট্রালের সহ-সভাপতি আব্দুল্লাহ আল রাশিদ তুর্য, গ্লোব ফার্মাসিউটিক্যালস এন্ড গ্রুপ অফ কোম্পানীর নির্বাহী সহ-সভাপতি জিসিআই ঢাকা অ্যাস্ট্রালের পরিচালক ইশতিয়াক আহমেদ মল্লিক, মাগুরা গ্রুপের গ্রুপ পরিচালক মাগুরা এগ্রিকালচারের চেয়ারম্যান মোস্তফা আক্তার মহিউদ্দিন, জিসিআই ঢাকা অ্যাস্ট্রালের সদস্য মোস্তফা জাফির মহিউদ্দিন, মাগুরা এগ্রিকালচার পার্কের পরিচালক খোশরোজ কিতাব মহল, ট্রেনিং কমিশনার জিসিআই ঢাকা অ্যাস্ট্রাল ও মাল্টিন্যাশনাল কর্পোরেশনের সহ-সভাপতি সামিদ রাজ্জাক,সঞ্চালনায় ছিলেন জিসিআই ঢাকা অ্যাস্ট্রালের পরিচালক মুনতাসির আজগার আকাশ।

সুইডেনে পবিত্র কুরআন শরীফ অবমাননার বিরুদ্ধে দর্শনায় বিক্ষোভ

সুইডেনে পবিত্র কুরআন শরীফ পোড়ানোর ঘটনায় দর্শনা বাসস্ট্যান্ডে বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার বাদ জুম্মা দর্শনা বাসস্ট্যান্ডে বক চত্বরে বাংলাদেশ জামাতে ইসলামী কেন্দ্র ঘোষিত চুয়াডাঙ্গা জেলায় দর্শনা সাংগঠনিক থানা শাখার উদ্যোগে বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়।

দর্শনা পৌর শাখার আমির গুলজার হোসেনের সভাপতিত্বে প্রতিবাদ সভায় প্রধান বক্তা হিসাবে বক্তব্য রাখেন চুয়াডাঙ্গা জেলা শাখার সহকারি সেক্রেটারি সাবেক উপজেলা ভাইস চেয়ারম্যান আব্দুল কাদের। এসময় তিনি বলেন, মুসলমানদের পবিত্র ঈদুল আযহার দিনে সুইডেনে মসজিদ প্রাঙ্গণে মসুলমানদের একমাত্র আসমানী গ্রন্থ পবিত্র কোরআন

শরীফ পড়ানো কে কেন্দ্র করে সারা বিশ্বের মুসলমানদের ধর্মীয় অনুভূতিতে যে আঘাত হেনেছে তা অকল্পনীয়। সমগ্র মুসলিম জাতি আজ খেপেফুঁসে উঠেছে। কারন মুসলমান হিসাবে কোরআন আমাদের সম্মান, আমাদের অহংকার ও আমাদের সংবিধান। যতদিন বেঁচে থাকবো ততদিন এই কোরআন রক্ষা করার জন্য যা যা প্রয়োজন তাই করবো। এ সময় উপস্থিত বক্তারা সুইডেন সরকারের প্রতি ও অভিযুক্ত ব্যক্তির ধিক্কার দিয়ে তীব্র নিন্দা ও প্রতিবাদ জানায়। এসময়

আরো উপস্থিত ছিলেন দর্শনা সাংগঠনিক থানা শাখার সেক্রেটারি মাহবুবুর রহমান টুকু দর্শনা পৌর শাখার আমির গুলজার হোসেন, দর্শনা বাসস্ট্যান্ড মসজিদের পেশ ইমাম ওসমান গনি, দক্ষিণ চাঁদপুর জামে মসজিদের পেশ ইমাম হাবিবুর রহমান, হল্ট স্টেশনের ইমাম মুকুল হোসেন, আজিজুল ইসলাম,আব্দুর রহমান,তানজিল আহমেদসহ পৌর এলাকার বিভিন্ন মসজিদের ইমাম মুরসুল্লি বৃন্দ।

দর্শনায় ৩ কেজি গাঁজাসহ ২জন গ্রেফতার

দর্শনা থানা পুলিশ মাদক বিরোধেী অভিযান চালিয়ে ৩ কেজি গাঁজাসহ ২ জনকে গ্রেফতার করেছে। গত রবিবার ২ জুলাই রাত সাড়ে ৯ টার দিকে দর্শনা থানার পুলিশ পরিদর্শক (অপারেশন) নিরব হোসেন এর নেতৃত্বে অভিযান চালায় ঝাঁঝাডাঙ্গা বগানপাড়ায়।

এ সময় দর্শনা থানার এসআই ফজলুর রহমান, এএসআই বশির আহম্মেদ, এএসআই মামুনুর রহমানসহ সঙ্গীয় ফোর্সসহ গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালায় ঝাঁঝাডাঙ্গা বাগানপাড়ার আনিচুর রহমানের বাড়িতে।

দর্শনা থানা পুলিশ বসত বাড়ীর উত্তর পার্শ্বে ভূট্টার গাদার নিচ থেকে বাজার করা ব্যাগের ভিতরে প্লিলাষ্টিকে মোড়ানো তিন কেজি গাঁজা উদ্ধার করে। পরে পুলিশ পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের ঝাঁঝাডাঙ্গা বাগানপাড়ার শহর আলীর ছেলে গাঁজা ব্যাবসায়ী আনিছুর রহমান (৪০) ও আমির হোসেনের ছেলে বিপ্লব মিয়াকে (২৫) গ্রেফতার করে।

এ ঘটনায় এস আই ফজলু বাদি হয়ে দুজনের বিরুদ্ধে মাদক আইনে মামলা দায়ের করেছে।গতকালই তাদের দুজনকে মামলাসহ চুয়াডাঙ্গা কোর্ট হাজতে প্রেরন করেছে।